



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লি. (বোয়েসেল)

(রাষ্ট্রীয় মালিকানাধীন জনশক্তি প্রেরণকারী একমাত্র কোম্পানি)

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোনঃ ৯৩৩৬৫০৮/৯৩৬১৫১৫/৯৩৬১১২৫ (PABX)

ইমেইল: info@boesl.gov.bd, ওয়েব: www.boesl.org.bd / www.boesl.gov.bd



নথি নং ৪৯.০২.০০০০.০০৬.০১.০০১.১৭-১৯৩

তাং ০৫.০৩.২০১৯ খ্রি.

## কোরিয়া প্রজাতন্ত্রে (দক্ষিণ কোরিয়া) চাকরির অনলাইন রেজিস্ট্রেশন

কোরিয়া প্রজাতন্ত্রে (দক্ষিণ কোরিয়া) চাকরির জন্য সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে আগামী ১১ মার্চ সকাল ১০ টা থেকে ১২ মার্চ ২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫টা পর্যন্ত বোয়েসেলের রেজিস্ট্রেশন ওয়েবসাইট eps.boesl.gov.bd-এ সরাসরি প্রাথমিক রেজিস্ট্রেশন করা যাবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য বোয়েসেল ওয়েবসাইটে পাওয়া যাবে।

### আবেদনের যোগ্যতা ও নিয়মাবলি:

- ১। আবেদনকারীর জন্মতারিখ ২৫ মার্চ, ১৯৭৯ খ্রি. থেকে ২৪ মার্চ ২০০১ খ্রিস্টাব্দের মধ্যে হতে হবে।
- ২। রাষ্ট্রের কোন আদালত কর্তৃক সাজা প্রাপ্ত নন এবং ইতোপূর্বে দক্ষিণ কোরিয়ার ইমিগ্রেশন কর্তৃক ভিসা/সিসিভিআই বাতিল হয়নি।
- ৩। পূর্বে দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থান বা কোরিয়া থেকে ফেরত পাঠানো হয়নি।
- ৪। দক্ষিণ কোরিয়ায় অবস্থানকালে কারাদণ্ড, শাস্তি বা জরিমানা হয়নি।
- ৫। ই-৯/১০ ভিসায় দক্ষিণ কোরিয়ায় সর্বমোট ৫ বছরের বেশি অবস্থান করেনি।
- ৬। যাদের উপর বিদেশ যাত্রায় বাংলাদেশ সরকারের কোনো নিষেধাজ্ঞা নেই।
- ৭। কোরীয় ভাষায় দক্ষতাসম্পন্ন এবং যাদের কালার ব্লাইন্ডনেস ও কালার উইকনেস নেই।

উল্লেখ্য যে, ডিঙ্ক বিচ্যুতি, হাতের আঙুল কাটা ইত্যাদি শারীরিক সমস্যায়ুক্ত ব্যক্তির কোরীয় ভাষা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, তবে ২য় রাউন্ড পরীক্ষার সময় তার কর্মসম্মততার উপর চূড়ান্ত নির্বাচন নির্ভর করবে। আরও উল্লেখ্য যে, অনলাইন রেজিস্ট্রেশনের সময় বৈধ মেশিন রিডেবল পাসপোর্ট অনুযায়ী পাসপোর্ট নম্বর, নাম, জন্মতারিখ ও অন্যান্য তথ্যসহ ইনপুট দিতে হবে এবং পাসপোর্টের ছবিযুক্ত অংশের স্ক্যানকপি (৪৫-৬০KB) আপলোড করতে হবে। মেয়াদ উত্তীর্ণ পাসপোর্ট দিয়ে আবেদন করা যাবে না।

প্রাথমিক নিবন্ধন (রেজিস্ট্রেশন) সম্পন্ন হওয়ার পর ৮০০০ (আট হাজার) জনের অধিক-সংখ্যক প্রার্থী নিবন্ধিত হলে আগামী ১৯ মার্চ, ২০১৯ খ্রি. তারিখ মঙ্গলবার দুপুর ০২ টার পর নির্ধারিত কম্পিউটারাইজড পদ্ধতিতে লটারির মাধ্যমে EPS-TOPIK CBT-এর চূড়ান্ত রেজিস্ট্রেশনের জন্য প্রার্থী নির্বাচন করা হবে। চূড়ান্ত রেজিস্ট্রেশনের জন্য লটারিতে নির্বাচিত প্রার্থীদের আগামী ২২-৩১ মার্চ ২০১৯ খ্রি. তারিখের মধ্যে বৈধ মূল পাসপোর্ট, পাসপোর্টের রঙিন কপি ও পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবিসহ (ব্যাকগ্রাউন্ড সাদা) বোয়েসেলে উপস্থিত হয়ে চূড়ান্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। তবে চূড়ান্ত রেজিস্ট্রেশনের সময় লটারিতে উত্তীর্ণ ব্যক্তির পাসপোর্ট নম্বরের সাথে মূল পাসপোর্ট নম্বর না মিললে তার রেজিস্ট্রেশন বাতিল হবে। চূড়ান্ত রেজিস্ট্রেশনের তারিখ ও সময় লটারির দিন বোয়েসেলের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং কোরিয়া প্রজাতন্ত্রের মধ্যকার সমঝোতা স্মারক মোতাবেক EPS-TOPIK CBT-এর আওতায় রেজিস্ট্রেশন, পরীক্ষায় পাশ এবং জব রোস্টারে নাম অন্তর্ভুক্তি দক্ষিণ কোরিয়াতে চাকরির নিশ্চয়তা বহন করে না।

বোয়েসেল কর্তৃপক্ষ।